

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ আগস্ট ২০২৩খ্রি.

### আধুনিক প্রযুক্তিনির্ভর গতিনিয়ন্ত্রণ ব্যবস্থা বিষয়ে চসিকে সভা

আধুনিক প্রযুক্তিনির্ভর গতিনিয়ন্ত্রণ ব্যবস্থা ব্যবহার করে সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে এক সভা হয়েছে। বুধবার টাইগারপাসস্ট্র সিটি মেয়রের অফিস কক্ষে কানাডিয়ান প্রতিষ্ঠান লজিক আইটি গ্লোবালের বিপণন প্রধান অনুপম আনন্দ এ বিষয়ে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। সভায় জানানো হয়, হাইওয়ে এবং ফ্লাইওভারে অতিরিক্ত গতির যানবাহন সড়ক দুর্ঘটনার অন্যতম প্রধান কারণ। উন্নত বিশ্বের আদলে আধুনিক প্রযুক্তিনির্ভর গতিনিয়ন্ত্রণ ব্যবস্থা ব্যবহার করে চট্টগ্রামে সড়ক দুর্ঘটনা কমানো সম্ভব। ক্লাউডনির্ভর ক্যামেরা সিস্টেম ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে অতিরিক্ত গতির গাড়ি চিহ্নিত ও প্রয়োজ্য ক্ষেত্রে জরিমানা করা সম্ভব যা সড়ক দুর্ঘটনায় হতাহতের সংখ্যা কমিয়ে সড়ক যোগাযোগকে করবে নিরাপদ।

সভায় উপস্থিত ছিলেন সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী, প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর শৈবাল দাশ সূমন, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচালন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেমসহ প্রকৌশলীবৃন্দ।

### চসিক মেম্বন ইপিআই জোনের স্বাস্থ্য কর্মীকে অবসরোত্তর সংবর্ধনা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের মেম্বন ইপিআই জোনের ইপিআই টেকনিশিয়ান ও স্বাস্থ্য সহকারীদের অবসরোত্তর এক সংবর্ধনা অনুষ্ঠান গতকাল চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ ইমাম হোসেন রানার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন-চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেডিকেল অফিসার ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম, ডাঃ ইফফাত জাহান রাখী, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সূমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে। ভ্যাকসিনেশান ইনচার্জ মোঃ আবু ছালেহ ও ইপিআই টেকনিশিয়ান মিথুন দাশের সম্বলনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন-ডাঃ জুয়েল মহাজন, বিশ্ব স্বাস্থ্য সংস্থার সার্ভিল্যান্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার ডাঃ মোঃ সরওয়ার আলম।

প্রধান অতিথির বক্তব্যে ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ইপিআই কর্মসূচী সারা বিশ্বে প্রশংসা অর্জন করেছে। এটা সম্ভব হয়েছে আপনাদের উপর অর্পিত দায়িত্ব আন্তরিকতার সহিত পালন করার কারণে। তিনি আবরস গ্রহনকারি কর্মচারীদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। পরে সম্বর্ধিত ইপিআই টেকনিশিয়ান ও স্বাস্থ্য সহকারীদের ক্রেস্ট এবং উপহার সামগ্রী তুলে দেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮